

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
সরকারিআবাসনপরিদপ্তর
বাংলাদেশসচিবালয়,ঢাকা।
www.doga.gov.bd

নং: ২৫.৪৩.০০০০.০০৭.০৬.০৬০.১৫/৯৬(১)

তারিখ: ০৩ আশ্বিন ১৪২৩
১৮ সেপ্টেম্বর ২০১৭

বিষয়:জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সময়:১২.০০ ঘটিকা

তারিখ:১৮-০৯-২০১৭ ইং

স্থান:পরিচালকের দপ্তর

উপস্থিতির বিবরণ:সংযুক্ত তালিকা

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।তিনি অত্র পরিদপ্তরের বিভিন্ন শাখা কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে এর কার্যক্রমকে গতিশীল ও সেবামুখী করা সহ সকলের সহযোগিতা কামনা করেন এবং সেবাসমূহ সহজীকরণের বিষয়ে নতুন কোন প্রস্তাব থাকলে তা পেশ করার আহ্বান জানান।

এর প্রেক্ষিতে অত্র পরিদপ্তরের অফিস ব্যবস্থাপনা ও সেবাপ্রদান বিষয়ে আলোচনা হয়।আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা/ব্যক্তি
১।	শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	সরকারি আবাসন পরিদপ্তরের পরিবীক্ষণ কাঠামো ২০১৭ অনুসারে শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।এ লক্ষ্যে সেবা সমূহ সহজতর, সেবা প্রত্যাশীদের সাথে সহযোগিতা সুলভ মনোভাব,আন্তরিকতা বজায় রাখতে হবে। বরাদ্দ এবং ভাড়া আদায় শাখার কর্মচারীদের অধিকতর পেশাদারিত্বের সাথে কাজ করতে হবে।	সহঃপরিচালক(প্রশাঃ) এ বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করুন।
২।	ইউনিকোডের ব্যবহার নিশ্চিত করণ সংক্রান্ত	দাপ্তরিক সকল নথি এবং চিঠিপত্রে ইউনিকোডের ব্যবহার নিশ্চিত করতে হবে। ইউনিকোড(নিকস,সুটনি ওএমজে, বৃন্দা,মুক্তি,সোলায়মান লিপি) টাইপিং ব্যতীত কোন ধরনের নথি উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অগ্রায়ন করা যাবেনা।	সহকারী পরিচালক (সকল শাখা) বিষয়টি সর্বাগ্রে নিশ্চিত করবেন।শাখা সহকারীরা ইউনিকোড(নিকস,সুটনি ওএমজে, বৃন্দা,মুক্তি,সোলায়মান লিপি টাইপ করে তা মনিটরিং করবেন।
৩।	দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত গণশুনানী/ ইলেকট্রনিক উপস্থিতির কার্যক্রম গ্রহণ	সরকারি আবাসন পরিদপ্তরে দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রমের অংশ হিসেবে সেবা প্রত্যাশীদের ইলেকট্রনিক উপস্থিতির বা গণশুনানীর কার্যক্রম গ্রহণ করতে হবে।	অতিরিক্ত পরিচালক, গণশুনানী/ ইলেকট্রনিক শুনানীর বিষয়ে কার্যক্রম গ্রহণ করবেন।

৪।	আবাসিক এলাকা পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন	ঢাকা শহরে অবস্থিত সরকারি আবাসন পরিদপ্তরের আওতাধীন আবাসিক এলাকা সমূহ পরিদর্শন করে সয়ংসম্পূর্ণ প্রতিবেদন দাখিল করতে হবে।	উপ-পরিচালক এবং সহকারী পরিচালক এ বিষয়ে জরুরি ভিত্তিতে প্রতিবেদন দাখিল করবেন।
----	---	---	--

পরিশেষে অত্র পরিদপ্তরের বিভিন্ন সেবারমান বৃদ্ধির জন্যে সেবামূলক মানসিকতা নিয়ে সেবা প্রত্যাশীদের সহযোগিতা করার জন্য আহ্বান জানানোর মাধ্যমে সভা পরিসমাপ্তি করা হয়।

১২/৭/১৯
পরিচালক(যুগ্ম সচিব) ১৮.৭.১০১৭

ও
সভাপতি
নৈতিকতা কমিটি

সদয় অবগতি ও কার্যার্থে।

- ১। উপ সচিব(উন্নয়ন অধিশাখা-৯), গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ২। অতিরিক্ত পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়।
- ৩। উপ-পরিচালক (), সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনাব সহকারী পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর।
- ৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। অফিস কপি।

৪/৮

১৮/৭/১৯
মাসুদুল আলম
সহকারী পরিচালক
ও
সদস্য সচিব
নৈতিকতা কমিটি